

পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা



অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ

সভাপতি	এ জে এম আব্দুল্যাহেল বাকী পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	০৯-০৬-২০২০
সভার সময়	দুপুর ১২.০০
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	সংযুক্তি পরিশিষ্ট ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ২০১৯-২০ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমের ক্রমিক নং ২.১ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) মতামত উপস্থাপনের লক্ষ্যে সকল শাখা ভিত্তিক উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের শুনানী উপস্থাপনের জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান যে বর্তমানে করোনাজনিত কারণে পাঠকক্ষ বন্ধ থাকায় পাঠকদের এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের মিলনায়তন/সেমিনার কক্ষ ব্যবহারকারীদেরকে সভায় আমন্ত্রণ জানানো সম্ভবপর হয়নি। সভাপতি পূর্ববর্তী সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয় বিস্তারিত আলোচনা করেন।

আলোচ্য সূচী - ১ : কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ইন্টারনেট নেটওয়ার্কের স্পিডের বিষয়।

আলোচনা : এ বিষয় উপস্থিত অধিকাংশ কর্মকর্তা ও কর্মচারীগণ পুনরায় জানান যে, নেটওয়ার্কের স্পিড খুই কম থাকে। এতে ই-নথির কার্যক্রমসহ মেইলে যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে অসুবিধা হয়।

সিদ্ধান্ত : নেটওয়ার্কের স্পিড কম হওয়ায় নেটওয়ার্কের স্পিড বাড়ানোর জন্য অর্থাৎ দ্বিগুণ করার জন্য অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন প্রকল্পে কর্মরত জনাব ফেরদৌস হাসান খান, পরামর্শককে পুনরায় নেটওয়ার্কের স্পিড বাড়ানোর পদক্ষেপ নিতে হবে।

আলোচ্য সূচী - ২ : কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক করোনাজনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়

আলোচনা : করোনাজনিত কারণে সকল কর্মচারী রোস্টার ভিত্তিতে অফিসে উপস্থিত হওয়া এবং যারা অসুস্থ ও বয়স্ক তারা অফিসে আসবেন না, এ বিষয় উপস্থাপন করেন ও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : করোনাজনিত কারণে পাঠকক্ষ বন্ধ থাকায় সংশ্লিষ্ট কর্মচারীরা রোস্টার ভিত্তিতে অফিসে উপস্থিত থাকবেন এবং যারা অসুস্থ ও বয়স্ক তারা অফিসে আসবেন না। এ বিষয় সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার পদক্ষেপ গ্রহণ করবেন।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।



এ জে এম আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০৮.১৬.০০১.১৯.৪৪

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) লাইব্রেরিয়ান, স্টোর শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৬) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) লাইব্রেরি সহকারী, উন্নয়ন ও আইসিটি শাখা(পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক